

বেসরকারি শিক্ষক-কর্মচারীদের জন্য সুখবর, বাড়ছে বেতন

অনলাইন ডেক্স



বেসরকারি শিক্ষাপ্রতিষ্ঠানের শিক্ষক-কর্মচারীদের বেতন বাড়ানো

হচ্ছে। সর্বনিম্ন ৫০০ টাকা থেকে শুরু করে সাত হাজার টাকা পর্যন্ত

বাড়বে বেতন। এরই মধ্যে বেতন বৃদ্ধির সারসংক্ষেপ মাধ্যমিক ও

উচ্চশিক্ষা অধিদপ্তরের (মাউশি) প্রশাসন শাখায় পাঠানো হয়েছে

বলে জানা গেছে।

মাউশির এডুকেশন ম্যানেজমেন্ট ইনফরমেশন সিস্টেম

(ইএমআইএস) সেলের প্রোগ্রামার-৫ জহির উদ্দিন গণমাধ্যমকে

বলেন, জুলাই-২০২৫ এর প্রথম লটে তিন লাখ ৭৮ হাজার ৪৫৭

জন শিক্ষক-কর্মচারীর জন্য প্রায় এক হাজার ২৯ কোটি টাকা

বেতন দেওয়া হচ্ছে।

যেখানে জুন-২০২৫ মাসের প্রথম লটের চেয়ে প্রায় ১৪৫ কোটি

টাকা বেশি দিতে হচ্ছে।

মাউশি সূত্রে জানা যায়, সবচেয়ে নিচের গ্রেডে থাকা স্কুলের
কর্মচারীরা যেমন- আয়া, পরিচ্ছন্নতাকর্মীদের ৫০০ টাকা পর্যন্ত
বেতন বাড়ছে। জুনিয়র শিক্ষকদের বেতন ৮০০ থেকে এক হাজার
টাকা পর্যন্ত বাড়বে। সহকারী শিক্ষক যারা সাড়ে ১২ হাজার টাকা
বেতনে চাকরি করছেন, তাদের বেতন এক হাজার ২০০ থেকে
দেড় হাজার টাকা বাড়বে।

সিনিয়র সহকারী শিক্ষকদের ক্ষেত্রে দুই থেকে চার হাজার টাকা
বাড়বে। কোনো কোনো ক্ষেত্রে এটি পাঁচ হাজার টাকা পর্যন্ত
বাড়তে পারে। এ ছাড়া প্রধান শিক্ষকদের বেতন প্রায় সাত হাজার
টাকার মতো বাড়বে।